



তথ্যবিবরণী

নম্বর- ১৫৬

রাজশাহীতে জাতীয় সমাজসেবা দিবস উদযাপিত

রাজশাহী; ১৮ পৌষ (০২ জানুয়ারি):

আজ বৃহস্পতিবার (০২ জানুয়ারি) জাতীয় সমাজসেবা দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য- নেই পাশে কেউ যার, সমাজসেবা আছে তার'। সারা দেশের ন্যায় রাজশাহীতেও যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপিত হয়। সকালে দিবসটির উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার খন্দকার আজিম আহমেদ।

দিবসটি উপলক্ষে জেলা সমাজসেবা কমপ্লেক্সের সামনে থেকে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। র্যালি শেষে জেলা সমাজসেবা কার্যালয় চত্বরে দিবসটি উপলক্ষে আলোচনা সভা ও উপকরণ বিতরণ এবং কল্যাণ রাস্ত্র বিষয়ক মুক্ত আড্ডা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বিভাগীয় কমিশনার বলেন, বর্তমান সরকার নতুনভাবে চিন্তা করছে। আমরা গল্প আড্ডা করে কিছু আইডিয়া বের করব এবং তা বাস্তবে কাজে লাগাবো। তিনি জেলা প্রশাসনকে ধন্যবাদ জানিয়ে বলেন, জেলা প্রশাসনের একটি নতুন আইডিয়ায় আমি মুগ্ধ হয়েছি। গতকাল তারা পাতলা কম্বলের বদলে দুস্থদের মাঝে লেপ বিতরণ করেছে। আপনাদের এরকম নতুন নতুন আইডিয়া সংগ্রহ করে আমরা ভবিষ্যতে কাজে লাগাবো।

তিনি বলেন, সমাজসেবা দপ্তরের একটি ট্রাক বাইরে রাখা আছে, যেখানে বিনামূল্যে ফিজিও থেরাপি দেয়া হয়। শহর কিংবা উপজেলার বিভিন্ন স্থানে গিয়ে ধনী-গরিব সকলকেই এই ফ্রি সেবাটি দেয়া হয়। এখানে পুরুষ ও মহিলাদের জন্য আলাদাভাবে থেরাপির ব্যবস্থা আছে।

এ সময় অনুষ্ঠানে উপস্থিত সকলকে সমাজসেবার বিভিন্ন কাজগুলোতে কর্মসূচি সহযোগিতা করে পাশে থাকার আহ্বান জানান তিনি।

রাজশাহী বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের পরিচালক সৈয়দ মোস্তাক হাসান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন আরএমপি কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, জেলা প্রশাসক আফিয়া আখতার, পুলিশ সুপার ফারজানা ইসলাম। অন্যান্যের মধ্যে সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন এনজিও প্রতিনিধি, শিক্ষার্থীবৃন্দ, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেয়া হয়। প্রতিবন্ধীদের হুইল চেয়ার এবং শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

দিবসটি উপলক্ষে জেলা সমাজসেবা কার্যালয় প্রাঙ্গণে একটি মেলা অনুষ্ঠিত হয়। মেলায় ১২টি স্টল অংশগ্রহণ করে।##

.....
তৌহিদ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৮:০০ঘ.